বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন
টিসিবি ভবন (৪র্থ তলা) ১, কারওয়ান বাজার, ঢাকা-১২১৫
ওয়েবসাইট: www.berc.org.bd

# বিজ্ঞপ্তি

নং-২৮.০১.০০০০.০১২.০৪.০১৩.১২-৬৪৮৮

তারিখ ঃ ০৯ অগ্রহায়ণ ১৪২৪ বঙ্গাব্দ
২৩ নভেম্বর ২০১৭ খ্রিস্টাব্দ

## খুচরা বিদ্যুৎ মূল্যহারের শর্তাবলী, প্রযোজ্যতা এবং বিবিধ চার্জ/ফি

বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন আইন, ২০০৩ এর ধারা ২২(খ) ও ৩৪ এ প্রদত্ত ক্ষমতাবলে খুচরা বিদ্যুৎ মূল্যহার পুনর্নির্ধারণ করে ২৩ নভেম্বর ২০১৭ তারিখে কমিশন কর্তৃক জারীকৃত আদেশ মোতাবেক বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড (তার আওতাধীন পল্লী বিদ্যুৎ সমিতিসমূহ), ঢাকা পাওয়ার ডিষ্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড, ঢাকা ইলেকট্রিক সাপ্লাই কোম্পানী লিমিটেড, ওয়েষ্ট জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড এবং নর্দান ইলেকট্রিসিটি সাপ্লাই কোম্পানী লিমিটেড এর খুচরা বিদ্যুৎ মূল্যহারের শর্তাবলী, প্রযোজ্যতা এবং বিবিধ চার্জ/ফি নিম্নোক্তভাবে নির্ধারণ করা হলো, যা খুচরা বিদ্যুৎ মূল্যহারের অবিচ্ছেদ্য অংশ হিসাবে বিবেচিত হবে।

১. **বিলম্ব-পরিশোধ মাশুলঃ**

সকল গ্রাহক শ্রেণির ক্ষেত্রে বিদ্যমান ৫% হারে এককালীন বিলম্ব-পরিশোধ মাশুল প্রযোজ্য হবে।

২. **মূল্য সংযোজন করঃ**

প্রযোজ্য গ্রাহক শ্রেণির বিদ্যুৎ বিলের উপর সরকার কর্তৃক সময় সময় নির্ধারিত হারে মূল্য সংযোজন কর প্রযোজ্য হবে।

৩. **পাওয়ার ফ্যাক্টর সারচার্জঃ**

ক) অনুমোদিত লোড ২০ কি.ও. এর উর্ধ্বের সকল তিন ফেজ এলটি—এ (আবাসিক), এলটি—বি (সেচ/কৃষিকাজে ব্যবহৃত পাম্প), এলটি—সি ১ (ক্ষুদ্র শিল্প), এলটি—ডি ১ (শিক্ষা, ধর্মীয় ও দাতব্য প্রতিষ্ঠান এবং হাসপাতাল) এবং এলটি—ই (বাণিজ্যিক ও অফিস) গ্রাহককে সরবরাহ পয়েন্টে মাসিক গড় পাওয়ার ফ্যাক্টর অবশ্যই ০.৯৫ থেকে ১.০০ এর মধ্যে রাখতে হবে।

খ) তিন ফেজ সকল এলটি—সি ২ (নির্মাণ), এবং এলটি—ডি ২ (রাস্তার বাতি, পানির পাম্প ও ব্যাটারি চার্জিং স্টেশন) এর শুধুমাত্র পানির পাম্প গ্রাহককে সরবরাহ পয়েন্টে মাসিক গড় পাওয়ার ফ্যাক্টর অবশ্যই ০.৯৫ থেকে ১.০০ এর মধ্যে রাখতে হবে।

গ) সকল এমটি, এইচটি এবং ইএইচটি গ্রাহককে সরবরাহ পয়েন্টে মাসিক গড় পাওয়ার ফ্যাক্টর অবশ্যই ০.৯৫ থেকে ১.০০ এর মধ্যে রাখতে হবে।

ঘ) উপরে উল্লিখিত গ্রাহকের ক্ষেত্রে সরবরাহ পয়েন্টে মাসিক গড় পাওয়ার ফ্যাক্টর (পিএফ) ০.৯৫ এর কম রেকর্ড হলে নিম্নোক্ত হারে সারচার্জ প্রযোজ্য হবেঃ

১) সরবরাহ পয়েন্টে মাসিক গড় পিএফ ০.৯৫ থেকে পিএফ ০.৭৫ পর্যন্ত প্রতি ০.০১ পিএফ কম এর জন্য গ্রাহকের বিলের এনার্জি চার্জের ওপর ০.৭৫ শতাংশ হারে সারচার্জ প্রযোজ্য হবে।

২) পর পর ৩ (তিন) মাস পাওয়ার ফ্যাক্টর ০.৭৫ এর নীচে নেমে গেলে গ্রাহককে নোটিশ প্রদান করতে হবে এবং চতুর্থ মাসেও পাওয়ার ফ্যাক্টর ০.৭৫ এর নীচে নেমে গেলে গুণগত মানসম্পন্ন বিদ্যুৎ সরবরাহের স্বার্থে গ্রাহকের বিদ্যুৎ সরবরাহ ১৫ (পনের) দিনের নোটিশ প্রদানপূর্বক বিচ্ছিন্ন করা হবে।

৩) উপরে উল্লিখিত কারণে বিচ্ছিন্ন হওয়া গ্রাহককে যথাযথ শুদ্ধকরণ সরঞ্জাম স্থাপন এবং প্রযোজ্য পুনঃসংযোগ চার্জ প্রদান সাপেক্ষে বিদ্যুৎ সংযোগ পুনর্বহাল করা যাবে।

৪) এলটি—সি ১ (ক্ষুদ্র শিল্প) গ্রাহকের পাওয়ার ফ্যাক্টর সারচার্জ **বিল মাস এপ্রিল ২০১৮** থেকে কার্যকর হবে।

## ৪. নিরাপত্তা জামানতঃ

ক) নতুন সংযোগ এবং অনুমোদিত লোড সংশোধনের ক্ষেত্রে নিম্নোক্ত হারে নিরাপত্তা জামানত প্রযোজ্য হবেঃ

| গ্রাহক শ্রেণি | | অনুমোদিত লোড সীমা (কি.ও.) | জামানতের হার (টাকা/কি.ও.) |
|---|---|---|---|
| ১ | এলটি—এ এবং এলটি—বি | ২ কি.ও. পর্যন্ত | ৪০০.০০ |
| ২ | এলটি—এ এবং এলটি—বি | ২ কি.ও. এর উর্ধ্বে | ৬০০.০০ |
| ৩ | এলটি—সি ১, এলটি—সি ২, এলটি—ডি ১, এলটি—ডি ২, এলটি—ই এবং এলটি—টি | সকল | ৮০০.০০ |
| ৪ | এমটি, এইচটি এবং ইএইচটি | সকল | ১০০০.০০ |

খ) প্রি-পেইড মিটারের মাধ্যমে নতুন সংযোগ প্রদানের ক্ষেত্রে নিরাপত্তা জামানত প্রযোজ্য হবে না।

গ) প্রি-পেইড মিটার দ্বারা বিদ্যমান মিটার প্রতিস্থাপন করা হলে পূর্বের নিরাপত্তা জামানত ফেরত প্রদান করতে হবে।

## ৫. অনুমোদিত লোডসীমা অতিক্রম এবং স্থাপনার পুনঃক্ষমতায়ন

ক) কোনো গ্রাহকের অনুমোদিত লোড হতে তার মিটারের রেকর্ডকৃত সর্বোচ্চ চাহিদা বেশি হলে অনুমোদিত লোডের অতিরিক্ত ব্যবহৃত বিদ্যুতের জন্য নির্ধারিত হারের দ্বিগুণ হারে ডিমান্ড রেট/চার্জ প্রযোজ্য হবে।

খ) কোনো গ্রাহকের সর্বোচ্চ চাহিদা ক্রমাগতভাবে ৩ (তিন) মাস অনুমোদিত লোডের ১১০% অতিক্রম করলে সর্বোচ্চ চাহিদা কমানো অথবা অতিরিক্ত লোড অনুমোদন করিয়ে নেয়ার জন্য নোটিশ দিতে হবে। চতুর্থ মাসেও সর্বোচ্চ চাহিদা অনুমোদিত লোডের ১১০% এর বেশী হলে গ্রাহকের বিদ্যুৎ সরবরাহ ১৫ (পনের) দিনের নোটিশ প্রদানপূর্বক বিচ্ছিন্ন করা হবে।

গ) কোনো গ্রাহক তার প্রয়োজন অনুসারে লিখিত অনুরোধের মাধ্যমে নিয়মমাফিক তার স্থাপনার অনুমোদিত লোড বৃদ্ধি বা হ্রাসের জন্য আবেদন করতে পারবে।

ঘ) কোনো গ্রাহকের বিদ্যমান অনুমোদিত/চুক্তিবদ্ধ লোড স্বয়ংক্রিয়ভাবে পরিবর্তন করা যাবে না।

৬. **সেচ/কৃষিকাজে ব্যবহৃত পাম্প এবং কৃষিভিত্তিক মৌসুমী ক্ষুদ্র শিল্প গ্রাহকের বিলিংঃ**

এলটি—বি (সেচ/কৃষিকাজে ব্যবহৃত পাম্প) শ্রেণির গ্রাহক সেচ মৌসুমের পর এবং এলটি—সি ১ (ক্ষুদ্র শিল্প) শ্রেণির অন্তর্ভুক্ত কৃষিভিত্তিক মৌসুমী ক্ষুদ্র শিল্প গ্রাহক মৌসুমের পর কিংবা অন্য কোন কারণে (গ্রাহকের ইচ্ছানুযায়ী) প্রযোজ্য সংযোগ বিচ্ছিন্নকরণ চার্জ পরিশোধ সাপেক্ষে সংযোগ বিচ্ছিন্ন রাখতে পারবেন। পুনরায় সংযোগ গ্রহণের ক্ষেত্রে নির্ধারিত পুনঃসংযোগ চার্জ প্রযোজ্য হবে। সংযোগ বিচ্ছিন্নকালীন সময়ে ডিমান্ড চার্জ বা অন্য কোনো চার্জ প্রযোজ্য হবে না।

৭. **ব্যাটারি চার্জিং স্টেশনঃ**

ব্যাটারি চার্জিং স্টেশন এলটি—ডি ২ (রাস্তার বাতি, পানির পাম্প ও ব্যাটারি চার্জিং স্টেশন) এর অন্তর্ভুক্ত করা হয়েছে। তবে এলটি—বি (সেচ/কৃষিকাজে ব্যবহৃত পাম্প), এলটি—ডি ১ (শিক্ষা, ধর্মীয় ও দাতব্য প্রতিষ্ঠান এবং হাসপাতাল) এবং সকল এমটি, এইচটি ও ইএইচটি গ্রাহক আঙিনা ব্যতিত অন্যান্য নিম্নচাপ স্থাপনায় ব্যাটারি চার্জিং করা হলে ব্যবহৃত বিদ্যুৎ উক্ত সংশ্লিষ্ট স্থাপনার শ্রেণিতে ব্যবহৃত হয়েছে মর্মে গণ্য হবে।

৮. **গ্রামীণ এলাকার পানির পাম্পঃ**

গ্রামীণ এলাকায় জনস্বাস্থ্যে/আর্সেনিক মুক্ত পানি সরবরাহের জন্য স্থাপিত সকল পানির পাম্প এলটি—ডি ২ (রাস্তার বাতি, পানির পাম্প ও ব্যাটারি চার্জিং স্টেশন) গ্রাহক শ্রেণির অন্তর্ভুক্ত বলে গণ্য হবে এবং এসকল গ্রাহককে বর্তমানে অন্য যে শ্রেণিতেই বিল করা হোক না কেন সেগুলো **বিল মাস ডিসেম্বর ২০১৭** থেকে স্বয়ংক্রিয়ভাবে এ শ্রেণিতে রূপান্তর হয়েছে মর্মে গণ্য হবে।

৯. **প্রযোজ্যতাঃ**

**ক) এলটি—সি ২ঃ নির্মাণ**

১) ৫০ কিলোওয়াট পর্যন্ত অনুমোদিত চাহিদাসম্বলিত সকল নির্মাণ কাজে (যথা-আবাসন, বাণিজ্যিক ও শিল্প স্থাপনা, ব্রীজ, ফ্লাই ওভার, বিদ্যুৎ কেন্দ্র, ইত্যাদি) বিদ্যুৎ ব্যবহার এ গ্রাহক শ্রেণির অন্তর্ভুক্ত হবে।

২) ৫০ কিলোওয়াট থেকে সর্বোচ্চ ৩০ মেগাওয়াট পর্যন্ত অনুমোদিত চাহিদাসম্বলিত এরূপ বিদ্যুৎ ব্যবহার নির্ধারিত অনুমোদিত চাহিদার ভিত্তিতে এমটি—৪ অথবা এইচটি—৪ এর অন্তর্ভুক্ত হবে।

৩) নির্মাণ কাজ সমাপ্তিতে নির্ধারিত প্রক্রিয়ায় নির্মাণ সংযোগ যথাযথ শ্রেণিতে রূপান্তর করা হবে।

খ) **এলটি—ডি ১ঃ শিক্ষা, ধর্মীয় ও দাতব্য প্রতিষ্ঠান এবং হাসপাতাল'**

৫০ কিলোওয়াট পর্যন্ত অনুমোদিত চাহিদাসম্বলিত সকল শিক্ষা, ধর্মীয় ও দাতব্য প্রতিষ্ঠান এবং হাসপাতালের বিদ্যুৎ ব্যবহার এ গ্রাহক শ্রেণির অন্তর্ভুক্ত হবে।

গ) **এলটি—ডি ২ঃ (রাস্তার বাতি, পানির পাম্প ও ব্যাটারি চার্জিং স্টেশন)**

৫০ কিলোওয়াট পর্যন্ত অনুমোদিত চাহিদাসম্বলিত সকল রাস্তার বাতি, পানীয় জলের পাম্পিং এর উদ্দেশ্যে জনস্বাস্থ্যে স্থাপিত সকল পানির পাম্প/নলকূপ এবং যথোপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত যানবাহনের জন্য ব্যাটারি চার্জিং স্টেশনের বিদ্যুৎ ব্যবহার এ গ্রাহক শ্রেণির অন্তর্ভুক্ত হবে।

ঘ) **এলটি—টিঃ অস্থায়ী**

১) ৫০ কিলোওয়াট পর্যন্ত অনুমোদিত চাহিদাসম্বলিত স্বল্পস্থায়ী সামাজিক অনুষ্ঠান এবং বাণিজ্যিক কার্যক্রমের (যে সকল সংযোগ স্থায়ী সংযোগে রূপান্তর হয় না) বিদ্যুৎ ব্যবহার এ গ্রাহক শ্রেণির অন্তর্ভুক্ত হবে। সাধারণভাবে ন্যূনতম ৭ (সাত) দিন থেকে সর্বোচ্চ ৩ (তিন) মাসের জন্য এ শ্রেণির সংযোগ বিবেচনা করা হবে, তবে গ্রাহকের অনুরোধের পরিপ্রেক্ষিতে এ শ্রেণির বিদ্যুৎ ব্যবহারের সর্বোচ্চ সময় ১ (এক) বছর পর্যন্ত বৃদ্ধি করা যাবে।

২) ৫০ কিলোওয়াট থেকে সর্বোচ্চ ৫ মেগাওয়াট পর্যন্ত অনুমোদিত চাহিদাসম্বলিত এরূপ বিদ্যুৎ ব্যবহার এমটি—৬ গ্রাহক শ্রেণির অন্তর্ভুক্ত হবে।

ঙ) **এমটি—১ঃ আবাসিক**

১) ৫০ কিলোওয়াট থেকে সর্বোচ্চ ৫ মেগাওয়াট পর্যন্ত অনুমোদিত চাহিদাসম্বলিত সম্পূর্ণ আবাসিক স্থাপনা ও সমিতি চালিত বহুতল আবাসিক ভবন/স্থাপনায় সম্পূর্ণ আবাসিক বিদ্যুৎ ব্যবহার এ গ্রাহক শ্রেণির অন্তর্ভুক্ত হবে।

২) সাধারণভাবে মেইন মিটার ও সাব-মিটার পদ্ধতিতে মিটারিং/বিলিং হবে। তবে একক মিটার ভিত্তিক বিলিং ব্যবস্থাও বহাল থাকবে। উভয় ক্ষেত্রেই ট্রান্সফরমারের উচ্চচাপ প্রান্তে একটি মেইন মিটার থাকবে এবং সমুদয় এনার্জি রেকর্ড হবে। গ্রাহক ট্রান্সফরমার, উচ্চচাপ নিয়ন্ত্রয়ণকারী এবং রক্ষাকারী সরঞ্জাম এবং পাওয়ার ফ্যাক্টর শুদ্ধকরণ সরঞ্জাম সহযোগে তার নিজের উপকেন্দ্র স্থাপন করবেন।

৩) মেইন মিটার সাব-মিটার পদ্ধতিতে মিটারিং/বিলিং এর ক্ষেত্রে প্রতিটি আবাসিক ফ্লাট/গ্রাহকের জন্য মেইন মিটারের আওতায় পৃথক সাব-মিটার ও হিসাব নম্বর থাকবে এবং এলটি—এ (আবাসিক) গ্রাহক শ্রেণির মূল্যহার (স্লাব সুবিধাসহ) ও শর্তাবলী অনুযায়ী আবাসিক সাব-মিটার সমূহের বিল করা হবে।

৪) মেইন মিটারের মোট ব্যবহৃত ইউনিট হতে আবাসিক সাব-মিটার সমূহের রেকর্ডকৃত/বিলকৃত ইউনিটের যোগফল বাদ দিয়ে প্রাপ্ত অবশিষ্ট ইউনিট কমন সার্ভিস ব্যবহার (Common Service Use) হিসাবে গণ্য হবে এবং এমটি—১ (আবাসিক) গ্রাহক শ্রেণির মূল্যহার (এনার্জি রেট ও ডিমান্ড রেট) ও শর্তাবলী অনুযায়ী কমন সার্ভিস ব্যবহারের বিল করা হবে। কমন সার্ভিস ব্যবহারের অনুমোদিত লোড নির্দিষ্ট করা থাকতে হবে।

৫) গ্রাহকের অনুরোধে একক মিটার ভিত্তিক বিলিং ব্যবস্থা মেইন মিটার সাব-মিটার ভিত্তিক মিটারিং/বিলিং ব্যবস্থায় রূপান্তর করা যাবে।

চ) **এমটি—২ঃ বাণিজ্যিক**

১) ৫০ কিলোওয়াট থেকে সর্বোচ্চ ৫ মেগাওয়াট পর্যন্ত অনুমোদিত চাহিদাসম্বলিত সকল অফিস, শপিং কমপ্লেক্স/প্লাজা, হোটেল/মোটেল/রেস্টুরেন্ট, রিসোর্ট, বিনোদন স্থাপনা, সিনেমা হল, সকল ব্যবসায়িক/ট্রেডিং ও বাণিজ্যিক স্থাপনা/প্রতিষ্ঠান এবং বহুতল মিশ্র (বাণিজ্যিক ও আবাসিক) ভবন/স্থাপনায় বিদ্যুৎ ব্যবহার এ গ্রাহক শ্রেণির অন্তর্ভুক্ত হবে।

২) ট্রান্সফরমারের উচ্চচাপ প্রান্তে একটি মেইন মিটার থাকবে এবং সমুদয় এনার্জি রেকর্ড হবে। গ্রাহক ট্রান্সফরমার, উচ্চচাপ নিয়ন্ত্রয়ণকারী এবং রক্ষাকারী সরঞ্জাম এবং পাওয়ার ফ্যাক্টর শুদ্ধকরণ সরঞ্জাম সহযোগে তার নিজের উপকেন্দ্র স্থাপন করবেন।

৩) বহুতল মিশ্র (বাণিজ্যিক ও আবাসিক) ভবন/স্থাপনা ব্যতিত অন্য সকল গ্রাহকের ক্ষেত্রে একক পয়েন্ট মিটারিং ব্যবস্থায় বিল হবে।

৪) বহুতল মিশ্র (বাণিজ্যিক ও আবাসিক) ভবনের ক্ষেত্রে মেইন মিটার সাব-মিটার পদ্ধতিতে বিলিং হবে। প্রতিটি আবাসিক ফ্লাট/গ্রাহকের জন্য মেইন মিটারের আওতায় পৃথক সাব-মিটার ও হিসাব নম্বর থাকবে এবং এলটি—এ (আবাসিক) গ্রাহক শ্রেণির মূল্যহার (স্লাব সুবিধাসহ) ও শর্তাবলী অনুযায়ী আবাসিক সাব-মিটার সমূহের বিল করা হবে।

৫) মেইন মিটারের মোট ব্যবহৃত ইউনিট হতে আবাসিক সাব-মিটার সমূহের রেকর্ডকৃত/বিলকৃত ইউনিটের যোগফল বাদ দিয়ে অবশিষ্ট ইউনিট বাণিজ্যিক এবং কমন সার্ভিস ব্যবহার (Common Service Use) হিসাবে গণ্য হবে এবং এক্ষেত্রে এমটি—২ (বাণিজ্যিক ও অফিস) গ্রাহক শ্রেণির মূল্যহার (এনার্জি রেট ও ডিমান্ড রেট) ও শর্তাবলী অনুযায়ী বিল করা হবে। বাণিজ্যিক এবং কমন সার্ভিস ব্যবহারের অনুমোদিত লোড নির্দিষ্ট করা থাকতে হবে।

৬) যে সকল বহুতল মিশ্র (বাণিজ্যিক ও আবাসিক) ভবনে বর্তমানে একক মিটারিং ব্যবস্থা প্রচলিত রয়েছে সেগুলোর ক্ষেত্রে গ্রাহক ইচ্ছা পোষণ করলে নিজ খরচে মিটারিং ব্যবস্থা মেইন মিটার ও সাব-মিটার ব্যবস্থায় রূপান্তর করতে পারবেন।

৭) একক মিটারিং ব্যবস্থা মেইন মিটার সাব-মিটারিং ব্যবস্থায় রূপান্তরের পূর্ব পর্যন্ত একক মিটার ভিত্তিক বিলিং ব্যবস্থা বহাল থাকবে।

ছ) **এমটি—৫ঃ সাধারণ**

এমটি—১, এমটি—২, এমটি—৩ এবং এমটি—৪ এর অন্তর্ভুক্ত গ্রাহক ব্যতিত ৫০ কিলোওয়াট থেকে সর্বোচ্চ ৫ মেগাওয়াট পর্যন্ত অনুমোদিত চাহিদাসম্বলিত একক পয়েন্ট মিটারভিত্তিক প্রতিষ্ঠান/স্থাপনা যেমনঃ বিশ্ববিদ্যালয়, মেডিকেল কলেজ, শিক্ষা প্রতিষ্ঠান, ক্যান্টনমেন্ট, হাসপাতাল, ধর্মীয় প্রতিষ্ঠান, পাবলিক লাইব্রেরী, যাদুঘর, পানির পাম্প, দাতব্য প্রতিষ্ঠান, রেলওয়ে, মেট্রোরেল, ইত্যাদি গ্রাহকের বিদ্যুৎ ব্যবহার এ গ্রাহক শ্রেণির অন্তর্ভুক্ত হবে।

জ) **এইচটি—১ঃ সাধারণ**

৫ মেগাওয়াট থেকে সর্বোচ্চ ৩০ মেগাওয়াট পর্যন্ত অনুমোদিত চাহিদাসম্বলিত একক পয়েন্ট মিটারভিত্তিক এমটি—৫ এ অন্তর্ভুক্ত স্থাপনা [অনুচ্ছেদ ৯(ছ) এ উল্লিখিত] এবং একক পয়েন্ট মিটারভিত্তিক বৃহৎ আবাসিক প্রকল্পের বিদ্যুৎ ব্যবহার এ গ্রাহক শ্রেণির অন্তর্ভুক্ত হবে।

ঝ) **এইচটি—২ঃ বাণিজ্যিক**

৫ মেগাওয়াট থেকে সর্বোচ্চ ২০ মেগাওয়াট পর্যন্ত অনুমোদিত চাহিদাসম্বলিত একক পয়েন্ট মিটার ভিত্তিক সকল অফিস, শপিং কমপ্লেক্স/প্লাজা, হোটেল/মোটেল/রেস্টুরেন্ট, রিসোর্ট, বিনোদন স্থাপনা, সিনেমা হল, সকল ব্যবসায়িক/ট্রেডিং ও বাণিজ্যিক স্থাপনা/প্রতিষ্ঠান এ গ্রাহক শ্রেণির অন্তর্ভুক্ত হবে।

১০. যে সকল গ্রাহককে ২৩ নভেম্বর ২০১৭ তারিখে জারীকৃত খুচরা বিদ্যুৎ মূল্যহার এবং উপরের অনুচ্ছেদ ৯ এ নির্ধারিত শ্রেণি ব্যতিত ভিন্ন কোন শ্রেণিতে বিল করা হচ্ছে সে সকল গ্রাহক **বিল মাস ডিসেম্বর ২০১৭** থেকে স্বয়ংক্রিয়ভাবে নির্ধারিত শ্রেণির গ্রাহক হিসাবে রূপান্তর হয়েছে বলে গণ্য হবে। এজন্য কোনো চার্জ/ফি প্রযোজ্য হবে না।

১১. **মিটার ভাড়াঃ**

খ) বিদ্যুৎ বিতরণ সংস্থা/কোম্পানী এর অর্থে স্থাপিত মিটারের ক্ষেত্রে মিটার ভাড়া সংক্রান্ত প্রচলিত নিয়ম অব্যাহত থাকবে।

ক) নতুন সংযোগের ক্ষেত্রে যেসকল গ্রাহক বিদ্যুৎ বিতরণ সংস্থা/কোম্পানীর মিটার ও মিটার স্থাপনের যাবতীয় খরচ এককালীন বহন করতে আগ্রহী অথবা যেসকল গ্রাহক নিজে মানসম্মত মিটার সরবরাহ করবে তাদের নিকট হতে মিটার ভাড়া নেয়া যাবে না।

## ১২. বিবিধ চার্জ/ফি ঃ

বিদ্যুৎ বিতরণ সংস্থা/কোম্পানী কর্তৃক গ্রাহককে সেবা প্রদানের ক্ষেত্রে মিটার পর্যন্ত বাউন্ডারি পয়েন্ট বিবেচনায় সেবার বিবরণ এবং বিবিধ চার্জ/ফি নিম্নোক্ত হারে নির্ধারণ করা হলোঃ

| বিদ্যুৎ সম্পর্কিত বিবিধ সেবার বিবরণ | | গ্রাহক শ্রেণি/প্রযোজ্যতা | | ফি/চার্জ (টাকা) |
|---|---|---|---|---|
| ১ | নতুন সংযোগের আবেদন ফি (প্রতিটি মিটারের জন্য) | এলটি | ক) এক ফেজ | ১০০.০০ |
| | | | খ) তিন ফেজ | ৩০০.০০ |
| | | এমটি এবং এইচটি | | ১০০০.০০ |
| | | ইএইচটি | | ২০০০.০০ |
| ২ | অস্থায়ী সংযোগের আবেদন ফি | এলটি | ক) এক ফেজ | ২৫০.০০ |
| | | | খ) তিন ফেজ | ৫০০.০০ |
| | | এমটি | | ১০০০.০০ |
| ৩ | বকেয়ার কারণে সংযোগ বিচ্ছিন্নকরণ (DC) চার্জ/বকেয়ার কারণে বিচ্ছিন্ন সংযোগ পুনঃসংযোগ চার্জ (RC) | এলটি | ক) এক ফেজ | ৬০০.০০ |
| | | | খ) তিন ফেজ | ১৫০০.০০ |
| | | এমটি এবং এইচটি | | ৬০০০.০০ |
| | | ইএইচটি | | ১০০০০.০০ |
| ৪ | গ্রাহকের অনুরোধে সংযোগ বিচ্ছিন্নকরণ চার্জ (DC)/ গ্রাহকের অনুরাধে বিচ্ছিন্ন সংযোগ পুনঃসংযোগ চার্জ (RC) | এলটি | ক) এক ফেজ | ২০০.০০ |
| | | | খ) তিন ফেজ | ৪০০.০০ |
| | | এমটি এবং এইচটি | | ১০০০.০০ |
| | | ইএইচটি | | ২০০০.০০ |
| ৫ | গ্রাহকের অনুরোধে মিটার পরীক্ষা চার্জ | এলটি | ক) এক ফেজ | ২০০.০০ |
| | | | খ) তিন ফেজ | ৪০০.০০ |
| | | | গ) এলটিসিটি | ৬০০.০০ |
| | | এমটি এবং এইচটি | | ১০০০.০০ |
| | | ইএইচটি | | ২০০০.০০ |
| ৬ | গ্রাহকের অনুরোধে গ্রাহক আঙ্গিনায় মিটার পরিদর্শন চার্জ | এলটি | ক) এক ফেজ | ১৫০.০০ |
| | | | খ) তিন ফেজ | ৩০০.০০ |
| | | | গ) এলটিসিটি | ৫০০.০০ |
| | | এমটি এবং এইচটি | | ১০০০.০০ |
| | | ইএইচটি | | ২০০০.০০ |
| ৭ | জরুরী প্রয়োজনে ট্রান্সফরমার ভাড়া (সর্বোচ্চ ১৫ দিন, তবে বিশেষ বিবেচনায় দ্বিগুণ হারে ৩০ দিন) | ১১ কেভি ট্রান্সফরমার, ড্রপআউট ফিউজ কাটআউট সহ | | ৩০০.০০/দিন |
| | | ৩৩ কেভি ট্রান্সফরমার, ড্রপআউট ফিউজ কাটআউট সহ | | ৬০০.০০/দিন |

**১৩.	খুচরা বিদ্যুৎ মূল্যহারের শর্তাবলী, প্রযোজ্যতা এবং বিবিধ চার্জ/ফি কার্যকরের তারিখঃ**

এলটি—সি ১ (ক্ষুদ্র শিল্প) গ্রাহকের পাওয়ার ফ্যাক্টর সারচার্জ ব্যতিত উপরের অনুচ্ছেদসমূহে বর্ণিত খুচরা বিদ্যুৎ মূল্যহারের শর্তাবলী, প্রযোজ্যতা এবং বিবিধ চার্জ/ফি **বিল মাস ডিসেম্বর ২০১৭** থেকে কার্যকর হবে এবং পুনরাদেশ না দেয়া পর্যন্ত অপরিবর্তিত থাকবে।

১৪.	ব্যাখ্যা ঃ

খুচরা বিদ্যুৎ মূল্যহারের শর্তাবলী, প্রযোজ্যতা এবং বিবিধ চার্জ/ফি সংক্রান্ত কোনো বিধানের ব্যাখ্যা অথবা কোনো গ্রাহকের গ্রাহক শ্রেণি নির্ধারণের ক্ষেত্রে কোনোরূপ অস্পষ্টতার উদ্ভব হলে, বিষয়টি সম্পর্কে সিদ্ধান্তের জন্য অবশ্যই কমিশনে প্রেরণ করতে হবে, এবং তৎসম্পর্কে কমিশন কর্তৃক প্রদত্ত সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

কমিশনের আদেশক্রমে,

**মুহঃ মাহবুবর রহমান**
সচিব
ফোনঃ ৯১৪০১২৫